

নতুন

দেবাশিস মুখোপাধ্যায়

গতানুগতিকতার জামা ঝেড়ে ফেললে

বোতামের কষ্ট কমে যায়

আর কোমা থেকে রোদুরে বেরিয়ে

হেসে ওঠে নতুন শরীর

চড়ুই

হারিয়ে যাও না

কিচির মিচির

আমার বাড়ি এসি নেই

ঘুলঘুলি ভরে দাও।

ঘুম

স্টেশনের এক কামরার মধ্যে

স্পষ্ট দেখলাম ভরা সন্ধ্যায়

ফাঁকা আসনে

দিব্বি চাঁদ ঘুমিয়ে